

## টা.বি শিক্ষার্থীদের জন্য ডাচ-বাংলা ব্যাংক ফাউন্ডেশনের বৃত্তি

ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড সামাজিক উন্নয়নের অংশীদার হিসেবে এদেশের বিজ্ঞা ক্ষেত্রে জনকল্যাণমূলক কর্মসূচি গ্রহণ করেছে। শিকা খাতের উন্নয়নে ব্যাংকের রয়েছে উল্লেখযোগ্য অবদান। ইতিমধ্যে ডাচ-বাংলা ব্যাংক ফাউন্ডেশন থেকে অনেক মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়েছে। এরই ধারাবাহিকতায় গত বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের ৫ জন মেধাবী শিক্ষার্থীকে এম এম স্কলারশিপ পাঠাগারে এক অনুষ্ঠানের মাধ্যমে বৃত্তি প্রদান করা হয়। ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোঃ ইয়াছিন আলী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বৃষ্টিপ্রসাদের মধ্যে মঞ্চারি পত্র, ইত্যাদি করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ড. শামসুদ্দীন আহমেদ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

শ্রীঃ নাহিদ মাহমুদ, মোহাম্মদ শামীম ফকির, মোহাম্মদ মোকামেল করিম তৌফিক, মোহাম্মদ সালাউদ্দিন এবং রাবেয়া আতুন এবার ডাচ-বাংলা ব্যাংক ফাউন্ডেশন বৃত্তি লাভ করেন। এ বৃত্তি কর্মসূচির আওতায় বৃষ্টিপ্রসাদ প্রতিটি শিক্ষার্থীকে প্রতি মাসে ২ হাজার টাকা দেওয়া হবে। এ ছাড়া বইপত্র ক্রয়ের জন্য প্রতি বছর এককামীন ৫ হাজার টাকা দেওয়া হবে।

ডাচ-বাংলা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোঃ ইয়াছিন আলী তার সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, ছাত্র বৃত্তি প্রকল্প ব্যাংকের একটি উল্লেখযোগ্য প্রকল্প। তিনি বলেন, যাদের জন্য ব্যাংক কাজ করছে তাদের প্রতি ব্যাংকের দায়িত্ববোধের অংশ হিসেবে এ ধরনের জনহিতকর কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আলী বলেন, ডাচ-বাংলা ব্যাংকের প্রতিষ্ঠা মগু থেকেই দেশের শিক্ষা, ক্রীড়া, বাস্তব প্রভৃতি ক্ষেত্রে উন্নয়নে কাজ করে আসছে। তিনি উপস্থিত সুধীবৃন্দকে জানান, আগামীতে এই ছাত্র বৃত্তি কর্মসূচি আরো সম্প্রসারণ করা হবে।

অন্যান্যের মধ্যে প্রখ্যাত অর্থনীতিবিদ ও অর্থনীতি বিভাগের সাবেক চেয়ারম্যান এবং বাংলাদেশ শিল্প ব্যাংকের চেয়ারম্যান আবু আহমেদ, অর্থনীতি বিভাগের অধ্যাপক আশুভর রহমান কুইয়া, অধ্যাপক আশরাফউদ্দিন চৌধুরী অনুষ্ঠানে বক্তব্য রাখেন। তারা তাদের বক্তব্যে ডাচ-বাংলা ব্যাংক প্রবর্তিত এই শিক্ষা বৃত্তি কর্মসূচির জুমসী প্রশংসা করেন। তারা বলেন, এ ধরনের বৃত্তি কর্মসূচি শিক্ষার আলো ছড়িয়ে দিতে মহতী উদ্যোগ হিসেবে স্বীকৃত হয়ে থাকবে। বক্তারা আশা প্রকাশ করেন যে, অন্যান্য বাণিজ্যিক প্রতিষ্ঠানসহও ডাচ-বাংলা ব্যাংকের এই মহতী উদ্যোগকে অনুসরণ করবে। বিজ্ঞিত।